BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]
বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/জিআইজেড/২০২৬/৩১

তারিখ: ০৬-০১-২০২৬

বরাবর,
বিজিএপিএমইএ এর সম্মানিত সদস্যবৃন্দ।

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (MoLE) কর্তৃক পরিচালিত এবং ILO ও GIZ এর কারিগরী সহায়তায় পরিচালিত 'Employment Injury Scheme (EIS Pilot)' কর্মসূচীর আওতায় গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং সেক্টরের সদস্য প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের কর্মকালীন মৃত্যু বা স্থায়ী অক্ষমতা বা অঙ্গহানীজনিত কারণে পরিবারের আর্থিক ও সামাজিক নিরাপত্তা প্রদান সংক্রান্তে কারখানার নাম তালিকাভুক্তকরণের আহবান।

মহোদয়,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (MoLE) এর উদ্যোগে এবং International Labour Organization (ILO) ও Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH শীর্ষক জার্মান প্রতিষ্ঠানের কারিগরী সহযোগিতার মাধ্যমে 'Employment Injury Scheme (EIS Pilot)' এর মাধ্যমে বাংলাদেশে বিগত ২১ জুন ২০২২ সাল থেকে বিজিএমইএ, বিকেএমইএ এবং ইপিজেড অধিভুক্ত পোশাক কারখানায় কর্মরত স্থায়ী কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের পরিবারের আর্থিক নিরাপত্তা প্রদান সংক্রান্তে কাজ করছে। এ কর্মসূচীটির লক্ষ্য হলো পোশাক কারখানাসমূহসহ এর সঙ্গে সংশ্লিষ্ট সাপ্লাইচেইনভুক্ত রপ্তানিমূখী অন্যান্য শিল্প প্রতিষ্ঠান যেমন: স্পিনিং, উইভিং, ডায়িং, ফিনিশিং (গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং) এর কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের পরিবারের আর্থিক ও সামাজিক নিরাপত্তা প্রদান করা।

০২। আগামী ৩০ জুন, ২০২৭ সাল পর্যন্ত EIS Pilot কর্মসূচীটিতে যৌথভাবে আর্থিক সহযোগিতা প্রদান করবে ৮৫টিরও বেশী বিভিন্ন আন্তর্জাতিক ব্র্যান্ডস। পরবর্তী সময়ে তা বাংলাদেশ সরকার এর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক একটি সেন্ট্রাল ডাটাবেজের আওতায় পরিচালিত হবে। প্রাথমিকভাবে অর্থাৎ ৩০-০৬-২০২৭ পর্যন্ত এ কর্মসূচীতে অন্তর্ভুক্ত হতে গেলে কোন প্রিমিয়াম প্রদানের প্রয়োজন হবে না। তবে, ২০২৭ সালের পরে উক্ত প্রকল্পে অন্তর্ভূক্ত হতে গেলে বার্ষিক মাথাপিছু ১.০০ মার্কিন ডলার এর সমপরিমান অর্থ প্রিমিয়াম হিসেবে প্রদান করতে হবে। EIS Pilot সম্পর্কে বিস্তারিত- www.eis-pilot-bd.org ওয়েবসাইট হতে জানা যাবে। ইতোমধ্যে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) উক্ত ইআইএস পাইলট কর্মসূচীতে অন্তর্ভূক্ত হয়েছে। এরই অংশ হিসেবে জিআইজেড কর্তৃপক্ষ গত ২১-১২-২০২৫ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে বিজিএপিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানসমূহকে উক্ত EIS Pilot কর্মসূচীতে অন্তভুক্তির অনুরোধ করেছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য, গত ১৫ ডিসেম্বর, ২০২৫ তারিখ চট্টগ্রামস্থ রেডিসন ব্লু হোটেলে অনুষ্ঠেয় অর্ধদিনের অরিয়েন্টেশন ওয়ার্কশপের একটি অংশে এ বিষয়ে চট্টগ্রামস্থ সদস্য প্রতিষ্ঠানের প্রতিনিধিদের জন্য EIS Pilot কর্মসূচী সম্পর্কিত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন **সৈয়দ মোয়াজ্জেম হোসেন**, সিনিয়র সোশ্যাল প্রোটেকশন এডভাইজার, জিআইজেড কর্তৃক উপস্থাপিত হয়েছিল।

০৩। EIS Pilot কর্মসূচীর মূল লক্ষ্য হচ্ছে আইএলও কনভেনশন ১২১ এর শর্তমতে কর্মক্ষেত্রে কারখানার কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকের মৃত্যুতে তাঁর উপর নির্ভরশীল পরিবারের সদস্যগণের (স্ত্রী/স্বামী, ছেলে-মেয়ে এবং বৃদ্ধ বাবা ও মা) আর্থিক ও সামাজিক নিরাপত্তা প্রদান। উদাহরণস্বরূপ বলা যায়,

৩.১ যদি কোন শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা কর্মকালীন মৃত্যু হয় এবং তাঁর পরিবারে যদি নির্ভরশীল হিসেবে তাঁর স্ত্রী/স্বামী, দুই ছেলে/মেয়ে ও বৃদ্ধ বাবা ও মা জীবিত থাকেন। সে ক্ষেত্রে উক্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা যদি সর্বশেষ মোট মাসিক বেতন ৩০,০০০/- টাকা ভোগ করেন, তাহলে উক্ত মোট বেতনের ৪০%-৬০% নির্ভরশীল পরিবারের সদস্যগণ মাসিক পেনশন হিসেবে ভোগ করতে পারবেন। সে হিসেবে স্ত্রী/স্বামী পাবেন সর্বশেষ মোট আয়ের ৪০% (মাসিক ১২,০০০/- টাকা) আজীবন (তবে পরবর্তীতে তিনি নতুন করে বিবাহ করলে এ সুবিধা পাবে না), ছেলে পাবে ৫% (মাসিক ১,৫০০/- টাকা) তাঁর ১৮ বছর মেয়াদপুর্তি পর্যন্ত, মেয়ে পাবে ৫% (মাসিক ১,৫০০/- টাকা) তাঁর বিবাহের আগ পর্যন্ত এবং বৃদ্ধ বাবা ও মা পাবেন ১০% (মাসিক ৩,০০০/- টাকা) হিসেবে আজীবন।

২য় পাতা দ্রষ্টব্য

Belkuchi Heights, 273/3, West Manikdi (3rd FL), ECB Chattar-Mirpur DOHS Link Road, Dhaka Cantonment, Dhaka.
Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org. Web : www.bgapmea.org
Regional Office:Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email:bgapmeactgregion@gmail.com

THE ASIAN PACKAGING FEDERATION
World Packaging Organisation

= ২য় পাতা =

৩.২ যদি কোন শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা কর্মকালীন দূর্ঘটনাজনিত কারণে স্থায়ী অক্ষমতায় (Permanent Total Disability-PPD) পতিত হয়, সে ক্ষেত্রে উক্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা যদি সর্বশেষ মোট মাসিক বেতন ৩০,০০০/- টাকা ভোগ করেন, তাহলে উক্ত মোট বেতনের ৬০% (মাসিক ১৮,০০০/- টাকা) হিসেবে আজীবন পেনশন ভোগ করবেন।

৩.৩ যদি কোন শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা কর্মকালীন দূর্ঘটনাজনিত কারণে আংশিক অক্ষমতায়/অঙ্গহানী হয় (Partial Total Disability-PTD), সে ক্ষেত্রে উক্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা যদি সর্বশেষ মোট মাসিক বেতন ৩০,০০০/- টাকা ভোগ করেন, তাহলে বাংলাদেশ শ্রম আইনের এ সংক্রান্ত আইনের ধারা মোতাবেক আজীবন পেনশন ভোগ করবেন।

৩.৪ যদি কোন শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা কর্মকালীন দূর্ঘটনাজনিত কারণে সাধারণ জখম/কাটা-ছেড়া/মচকে যাওয়া ইত্যাদি হয় এবং চিকিৎসার মাধ্যমে যদি তা পরবর্তীতে ভাল হয়ে যায়, সেক্ষেত্রে উক্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা এ স্কীমে কোন সুবিধা পাবেন না।

৩.৫ কর্মস্থলে যাতায়াতের সময় যদি কোনও শ্রমিক মারা যান বা স্থায়ীভাবে আহত হন, তাহলে তিনি EIS Pilot সুবিধাও পাওয়ার যোগ্য হবেন। অর্থাৎ কর্মক্ষেত্রে দূর্ঘটনার মধ্যে কর্তব্যরত অবস্থায় সড়ক দূর্ঘটনাও অন্তর্ভূক্ত হবে।

০৪। **আবেদন করার প্রক্রিয়া:**

বিজিএপিএমইএ এর সদস্যভূক্ত শতভাগ রপ্তানিমূখী সক্রিয় সদস্য প্রতিষ্ঠান যারা 'Employment Injury Scheme (EIS Pilot)' কর্মসূচীতে অন্তর্ভূক্ত হতে আগ্রহী, তাঁরা তাঁদের প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে সম্মতিসূচক আবেদন জানিয়ে বিজিএপিএমইএ এর সচিবালয়ের ই-মেইলে (bgapmea@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে পরবর্তীতে **সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়** বরাবরে বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সেন্ট্রাল ডাটাবেজে অন্তর্ভূক্তির জন্য প্রেরিত হবে।

০৫। **আবেদন করার শেষ তারিখ:**

১৫ জানুয়ারী ২০২৬ তারিখ বৃহস্পতিবার।

০৬। **বিস্তারিত তথ্য/সহযোগিতার জন্য 'জিআইজেড' এর সাথে যোগাযোগ:**

সৈয়দ মোয়াজ্জেম হোসেন, সিনিয়র সোশ্যাল প্রোটেকশন এডভাইজার, জিআইজেড, ফোন-০১৭৩ ১৮৪০ ৩৮৪, ই-মেইলঃ moazzem.hussain@giz.de

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

০৮/০১/২০২৫

BGAPMEA DHAKA Regd No C.T.O.290/(02)/15

(মুহাম্মদ জিলকদ চৌধুরী)
উপ-অফিস সচিব, বিজিএপিএমইএ
এবং
ফোকাল পয়েন্ট, জিআইজেড
ফোন: ০১৭১১ ৯৩৭৩৬৩।

সংযুক্তিঃ

০১। জিআইজেড কর্তৃক প্রেরিত পত্রের অনুলিপি।
০২। জিআইজেড কর্তৃক ইআইএস পাইলট কর্মসূচী সংক্রান্ত প্রেজেন্টেশনের অনুলিপি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

০১। **জনাব মো. আরিফ বিল্লাহ খান**, উপ-অফিস সচিব, বিজিএপিএমইএ আঞ্চলিক কার্যালয়, ইয়াহিয়া টাওয়ার (৫ম তলা), ৩৩৫ সিডিএ এভিনিউ, এম এম আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম (চট্টগ্রামস্থ সদস্য প্রতিষ্ঠানসমূহকে সার্কুলারটি সম্পর্কে অবহিতকরণের অনুরোধ সহকারে)।